গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাজীপুর সদর, গাজীপুর
www.sadar.gazipur.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩০.০০০.৭৪.০০১.২৩- ২৭৭

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৯
২২ মার্চ ২০২৩

## সরকারি জলাশয়/পুকুর ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর সদর উপজেলাধীন নিম্ন তফসিল বর্ণিত সরকারি জলাশয়/পুকুরসমূহ বাংলা ১৪৩০ হতে ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখে সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ টা পর্যন্ত নিম্নলিখিত কার্যালয়সমূহে রক্ষিত বাক্সে দরপত্র দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১.৩০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। কাঙ্খিত দর চূড়ান্তভাবে না হওয়া পর্যন্ত ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

### দরপত্র বিজ্ঞপ্তির সময়সূচী ঃ

| বিজ্ঞপ্তি | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র প্রাপ্তি ও সীলমোহরকৃত দরপত্র জমাদানের স্থান |
|---|---|---|---|
| ১ম বার | ৩০/০৩/২০২৩খ্রিঃ<br>সকাল ৯.০০টা হতে<br>বিকাল ৪.০০টা পর্যন্ত | ০২/০৪/২০২৩ খ্রিঃ<br>দুপুর-১.০০ পর্যন্ত | ১। জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাজীপুর সদর<br>৩। সহকারী কমিশনার(ভূমি) এর কার্যালয়, গাজীপুর সদর |
| ২য় বার | ০৬/০৪/২০২২ খ্রিঃ<br>সকাল ৯.০০টা হতে<br>বিকাল ৪.০০টা পর্যন্ত | ০৯/০৪/২০২৩ খ্রিঃ<br>দুপুর-১.০০ পর্যন্ত | ১। জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাজীপুর সদর<br>৩। সহকারী কমিশনার(ভূমি) এর কার্যালয়, গাজীপুর সদর |

### তফসিল

জেলা-গাজীপুর, উপজেলা-গাজীপুর সদর, ইউনিয়ন-মির্জাপুর, ভাওয়ালগড়, পিরুজালী ও বাড়ীয়া এর আওতাধীন নিম্নোক্ত মৌজাসমূহের জলমহাল/খাস পুকুর ঃ

| ক্রমিক নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | জমির পরিমান (একরে) | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এস এ | আর এস | | | |
| ০১ | পাইনসাইল | ১ | ৩৪১ | ১৬১৮ | ০.৭৭ | ৪,৫০০/- | |
| ০৩ | ডগরী | ১ | ১৭৭ | ৭৯০<br>৭৯১<br>৭৯২ | ০.২৮<br>০.২৯<br>০.২৮<br>০.৮৫ | ৬,৫০০/- | |
| ০৪ | ডগরী | ১ | ৫০৮ | ১৩১৮<br>১৩১৯<br>১৩২০<br>১৩২১ | ০.৪৭<br>০.৩৫<br>০.৪৭<br>০.৩৫<br>১.৬৪ | ১২,০০০/- | |
| ০৫ | ডগরী | ১ | ৫৩৮ | ১১৯৬<br>১১৯৭<br>১১৯৮ | ০.৭১<br>০.১২<br>০.২২<br>১.০৫ | ৯,০০০/- | |
| ০৬ | বারইপাড়া | ১ | ২৮৪ | ৭০৭ | ০.৪৯ | ৬,৫০০/- | |
| ০৭ | বারইপাড়া | ১ | ১৭৮৪ | ৩৩৪৭ | ০.৭৩ | ৬,৫০০/- | |

| ক্রমিক নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | জমির পরিমান (একরে) | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এস এ | আর এস | | | |
| ০৮ | বারইপাড়া | ১ | ১৪০৬<br>১৪০৭ | ২৭১৪<br>২৭১৫ | ০.৫৬<br>০.৪১<br>০.৯৭ | ৯,০০০/- | |
| ০৯ | বারইপাড়া | ১ | ৪৮ | ১৭৪ | ০.৬৭ | ৪,৫০০/- | |
| ১০ | বারইপাড়া | ১ | ১১৫ | ৪৩১ | ০.৪৭ | ৪,৫০০/- | |
| ১১ | বারইপাড়া | ১ | ২৫৪ | ৪৯০ | ০.৯৫ | ৯,০০০/- | |
| ১২ | মির্জাপুর | ১ | ৪৪১ | ৮১৭ | ২.১৯ | ১৮,৫০০/- | |
| ১৩ | মির্জাপুর | ১ | ৩৪১ | ৫৬৯ | ০.৬২ | ৪,৫০০/- | |
| ১৪ | বিশুয়াকুড়ি বাড়ী | ১ | ১২৭৯<br>১২৮০ | ৪৬৯০<br>৪৬৯১ | ০.৬৬<br>০.৪৬<br>১.১২ | ৯,০০০/- | |
| ১৫ | বিশুয়াকুড়ি বাড়ী | ১ | ১৩১৪<br>১৩১৫ | ৪৬৫২<br>৪৬৫৩ | ০.৬৯<br>০.৫৩<br>১.২২ | ৯,০০০/- | |
| ১৬ | বিশুয়াকুড়ি বাড়ী | ১ | ৭৭৬ | ১৯৯৪ | ১.৪৬ | ১৫,০০০/- | |
| ১৭ | মাহনা ভবানীপুর | ১ | ৫৫৬ | ২৪০০ | ১.৮০ | ১২,০০০/- | |
| ১৮ | আঙ্গুটিয়া | ১ | ৩৮৬ | ৭৬১<br>৭৬২ | ১.৭৭ | ১৮,০০০/- | |
| ১৯ | সুকুন্দি | ১ | ১৫৪<br>১৫৪<br>২১৬ | ১৬৫<br>১৬৫<br>২৩৯ | ০.৫১<br>০.২৬<br>০.৭৭ | ৪,৫০০/- | |
| ২০ | সুকুন্দি | ১ | ১৬৪ | ১৭৪ | ১.১৭ | ৯,০০০/- | |
| ২১ | আমুনা | ১ | ১৪৮ | ১১২ | ০.০৬ | ৪,৫০০/- | |
| ২২ | কামারিয়া | ১ | ১৭৫ | ২৮৩ | ০.২২ | ৪,৫০০/- | |
| ২৩ | কামারিয়া | ১ | ৫৪১ | ৩৪৩ | ০.২৪ | ৪,৫০০/- | |
| ২৪ | বাড়ীয়া | ১ | ৪৫৭ | ২৭ | ০.৫১ | ৬,৫০০/- | |
| ২৫ | কয়ের | ১ | ১১২৫<br>১১২৫<br>৩৯০৫ | ১৯১১<br>১৯১০ | ০.৩৮<br>০.৪৩<br>০.৮১ | ৯,০০০/- | |
| ২৬ | কয়ের | ১ | ৩০৮৭ | ৩৯৭৯<br>৩৯৭৮ | ০.৪২<br>০.৪৩<br>০.৮৫ | ৯,০০০/- | |
| ২৭ | কয়ের | ১ | ২৮৮২ | ৪০১২ | ০.৩৫ | ৪,৫০০/- | |
| ২৮ | কয়ের | ১ | ১০৮০ | ৪১৪৭<br>১৮৫৭ | ০.১৫<br>০.১২<br>০.২৭ | ৪,৫০০/- | |
| ২৯ | আঙ্গুটিয়া | ১ | ৩১১ | ৬৯৯,৭০০ | ০১.৩৭ | ১৪,০০০/- | |
| ৩০ | বারইপাড়া | ১ | ১৪১২, ১৪১৩ | ২৫২৬, ২৫২৭ | ০.৯১ | ১২,০০০/- | |
| ৩১ | বারইপাড়া | ১ | ৯৮৯ | ১১৯৫ | ১.৪৪ | ৪০,০০০/- | |
| ৩২ | খুদে বরমী | ১ | ২৪৮ | ৬৮৫ | ০.৩৪ | ৭,০০০/- | |
| ৩৩ | খুদে বরমী | ১ | ৫৬৬ | ১২৪০ | ০.৩৭ | ৭,০০০/- | |
| ৩৪ | শুকুন্দি | ১ | ১৮৭ | ২১০ | ০.৭০ | ৯,০০০/- | |
| ৩৫ | শুকুন্দি | ১ | ১১২ | ১২৯ | ০.৫৪ | ৮,০০০/- | |
| ৩৬ | কালনী | ১ | ৬৬, ৬৭ | ৩১, ৩২ | ০.২৯ | ৫,৫০০/- | |

| ক্রমিক নং | মৌজার নাম | খতিয়ান নং | দাগ নং | | জমির পরিমান (একরে) | সরকারী মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | এস এ | আর এস | | | |
| ৩৭ | বাড়ীয়া | ১ | ১৩৪৭ | ১৫২৬ | ১.৩২ | ১৩,৫০০/- | |
| ৩৮ | কালনী | ১ | ৬৪, ৬৫ | ২৯, ৩০ | ০.৪৩ | ৫,৫০০/- | |
| ৩৯ | পিরুজালী | ১ | ৯০৯, ৯১০ | ৩২৯৫, ৩৪৫৭ | ২.২০ | ৩১,০০০/- | |

## শর্তাবলি ও নিয়মাবলি

১। অত্র উপজেলাধীন ২০ একর পর্যন্ত জলাশয়/পুকুর ইজারা প্রদানের জন্য সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে, কেবলমাত্র সংশিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরতদের নিয়ে বর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে এতদ্‌উদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশিষ্ট পুকুর তিন বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে। যে সকল সংগঠন/সমিতি ইজারায় অংশ গ্রহণ করতে পারবে তা নিম্নরূপ:

১। মৎস্যজীবি
২। বেকার যুবক
৩। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান
৪। যুব মহিলা
৫। বিধবা/স্বামী পরিত্যাক্তা
৬। আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য
৭। দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি, তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি এ সমিতির সদস্য হতে পারবেন না ।

২। জলাশয়/পুকুরটি যে স্থানে অবস্থিত সেই স্থানের তীরবর্তী বা নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতিকে ইজারা প্রদানে অগ্রাধিকার দেয়া হবে। যদি উক্ত স্থানে প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি না থাকে তাহলে ১ নং ক্রমিকে বর্ণিত সংগঠনের বরাবরে ইজারা প্রদান করা হবে ।

৩। দরদাতা সমিতি কর্তৃক নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সময়ে অফেরতযোগ্য নগদ ৫০০/-(পাঁচশত) টাকা জমা প্রদান পূর্বক ইজারা প্রদান সম্পর্কিত যাবতীয় তথ্য সম্বলিত দরপত্র সংগ্রহ করা যাবে। দরপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখে কোন দরপত্র বিক্রি করা হবে না।

৪। প্রাপ্ত দরপত্রসমূহ উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/দরপত্র মূল্যায়ন কমিটির সভায় পেশ করা হবে। কমিটির সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ (বৈধ) দর দাতাকে ইজারা প্রদান করা হবে।

৫। সর্বোচ্চ (বৈধ) দরদাতাকে তিন বছরের ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে সরকারের জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে ইজারার অর্থ জমা প্রদান করতে হবে। এ ছাড়া ইজারমূল্যের ১৫% ভ্যাট সরকারের ১-১১৩৩-০০১৫-০৩১১ নং কোডে ও আয়কর বাবদ ১০% অর্থ ১-১১৪১-০১২০-০১১১ নং কোডে জমা প্রদান করতে হবে।

৬। টেন্ডারে উলিখিত মূল্যের ২০% অর্থ তফসিলি ব্যাংক এর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর, গাজীপুর) বরাবর দরপত্রের সহিত সংযুক্ত করতে হবে। জামানতের অর্থ শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে।

৭। দরপত্রে ইজারা মূল্য অংকে এবং কথায় লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা এবং কোন প্রকার ওভার রাইটিং পরিলক্ষিত হলে তা বাতিল বলে গণ্য হবে। তাছাড়া, অসম্পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। ইজারা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পর ১ম, ২য় এবং ৩য় বছরের সাকুল্য ইজারা মূল্য ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদনপূর্বক জলমহাল/পুকুর বুঝিয়ে দেয়া হবে ।

৯। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতীত সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা প্রদান বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে ।

১০। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না ।

১১। ইজারাপ্রাপ্ত পুকুর/জলাশয় অন্য কোন সমিতি /ব্যক্তির নিকট সাবলীজ প্রদান করা যাবে না।

১২। ইজারা প্রাপ্ত সমিতি কর্তৃক কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত পুকুর/জলাশয়ের কোন খনন, পুনঃখনন বা কোন ধরণের কার্যক্রম গ্রহণ করা যাবে না।

১৩। উপরোক্ত যে কোন শর্ত লঙ্ঘন করলে ইজারার মেয়াদ শেষ হবার পূর্বেই ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারার সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে।

১৪। কৃতকার্য দর দাতাকে সরকারী বিধি মোতাবেক ইজারা মূল্য, আয়কর এবং ভ্যাটের সাকুল্য টাকা পরিশোধ পূর্বক নির্ধারিত ফরমে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে (নিজ খরচায়) চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতীত কোনক্রমেই পুকুর/জলাশয় দখল প্রদান করা যাবে না।

১৫। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে পুকুর/জলাশয় নিম্নস্বাক্ষরকারীর নিকট বুঝিয়ে দিতে হবে ।

১৬। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ অথবা দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০৩/২৩

সৈদয় মোরাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার
গাজীপুর সদর,গাজীপুর
ফোন: ০২-৯২০৪৮৬৩ (অফিস)
E-mail: unogazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩০.০০০.৭৪.০০১.২৩-২৭৭

তারিখ: ০৮ ফাল্গুন ১৪২৯
২২ মার্চ ২০২৩

সদয় অবগতি/অবগতি ও ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, গাজীপুর
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাজীপুর
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর
০৬। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
০৫। সহকারী কমিশনার (ভূমি), গাজীপুর সদর, গাজীপুর
০৭। উপজেলা সমবায় অফিসার, গাজীপুর সদর, গাজীপুর

} তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ দরপত্র খোলার জন্য ধার্য তারিখে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৮। উপজেলা যুব উন্নয়ন অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
০৯। উপজেলা.................................অফিসার, গাজীপুর সদর, গাজীপুর
১০। চেয়ারম্যান.....................ইউপি, গাজীপুর সদর, গাজীপুর। তাঁকে তাঁর ইউনিয়নে অবস্থিত সকল নিবন্ধনকৃত যুব ও যুব মহিলা সমবায় সমিতি ও মৎস্য চাষে প্রশিক্ষণপ্রাপ্ত যুব মহিলা ও যুবকদের উপরোক্ত বিজ্ঞপ্তি অবহিত করার নিমিত্তে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.........................ইউনিয়ন ভূমি অফিস, গাজীপুর সদর, গাজীপুর। তাঁকে উপরুক্ত বিজ্ঞপ্তিটি হাট-বাজার/জনবহুল গুরুত্বপূর্ণ স্থানে মাইকিং/ঢোল শহরতের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। সভাপতি/সম্পাদক..........................................................সমিতি, গাজীপুর সদর, গাজীপুর
১৩। নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ, গাজীপুর সদর, গাজীপুর

২২/০৩/২৩

উপজেলা নির্বাহী অফিসার
গাজীপুর সদর, গাজীপুর